

জাতীয় বিশ্ববিদ্যালয়ে সিক্সান্ত ৫ বিষয়ে ফেল করলেও দ্বিতীয় বর্ষে উন্নীত

জযাদি রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সন্ধান প্রথম বর্ষের পরীক্ষায় যেসব শিক্ষার্থী ৬টির মধ্যে সর্বোচ্চ ৫টি বিষয়ে ৪০ নম্বরের কম পেয়ে 'এফ' (ফেল) গ্রেড পেয়েছেন, তাদের দ্বিতীয় বর্ষে উন্নীত করার সিদ্ধান্ত হয়েছে। সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হুসন-অর-রশিদ এ তথ্য জানান।

উপাচার্য বলেন, শিক্ষার্থী ও অভিভাবকদের সার্বিক বিবেচনা করে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে তাদের পরবর্তী সময়ে 'এফ' গ্রেড পাওয়া এবং বিষয়ে পরীক্ষা দিয়ে পাস করতে হবে। আশা করব এর ফলে এখন পড়ালেখায় মনোনিবেশ করবে।

হুসন-অর-রশিদ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের গ্রেড পদ্ধতিতে বিনামূল্যে বিধিবিধান আরো কীভাবে সহজ করা যায়, তা নিয়ে আগামীকাল মঙ্গলবার একাডেমিক কাউন্সিলের বৈঠক ডাকা হয়েছে।

এবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথমে বর্ষের পরীক্ষায় ৪৬ শতাংশ শিক্ষার্থী অকৃতকার্য হয়েছেন। এ নিয়ে কয়েকদিন ধরে তারা ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় বিক্ষোভ, অহরোধসহ নানানুষ্ঠী আন্দোলন করছিলেন। এর পরিপ্রেক্ষিতে আজ এই সিদ্ধান্ত নেয়া হয়।